গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অক্টোবর /২০২৬ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ মাহফুজুল আলম খান সচিব (ভারপ্রাপ্ত)
সভার তারিখ	২৯ অক্টোবর, ২০২৬ খ্রি:
সভার সময়	বেলা ১২:৩০ টা
স্থান	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং: ৫০২, ভবন নং: ০৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়ভিত্তিক পেন্ডিং বিষয়াদি, ডি-নথি, বিভাগীয় কার্যধারা, রিট মামলা, চলমান কার্যক্রম ও বিবিধ বিষয়ের অগ্রগতি সংক্রান্ত তথ্য সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

আলোচ্যসূচি	অগ্রগতি আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১। সেপ্টেম্বর, ২০২৬ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	২৪.০৯.২০২৬ তারিখ অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কোনো সংশোধন আছে কিনা এ বিষয়ে আলোচনা করা হয়।	কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়করণ করা হলো	প্রশাসন অনুবিভাগ

০২। মন্ত্রণালয়ের অনুবিভাগ কর্তৃক অনুষ্ঠিত অনিষ্পন্ন বিষয়ক সভা সংক্রান্ত আলোচনা:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
ক) সচিবালয় নির্দেশমালা ২০২৪ অনুযায়ী মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ প্রধান তাঁদের দপ্তর এবং অধীনস্ত দপ্তর/সংস্থার সকল পেন্ডিং বিষয় নিয়ে প্রতিমাসের ১ম সপ্তাহে অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তি ত্বরান্বিত করার লক্ষ্যে সভা করেছেন। অক্টোবর/২০২৬ মাসে (প্রশাসন অনুবিভাগ, যুব অনুবিভাগ, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, ক্রীড়া-১ অনুবিভাগ, ক্রীড়া-২ অনুবিভাগ এবং সমন্বয় ও আইন অনুবিভাগ) এর অনিষ্পন্ন বিষয়াদি সম্পর্কিত সভা অনুষ্ঠিত হয়েছে। খ) এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা অক্টোবর/২০২৬ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী যুব উন্নয়ন অধিদপ্তর, বিকেএসপি, জাতীয় ক্রীড়া পরিষদ, ক্রীড়া পরিদপ্তর, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এবং জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক এ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। গ) শাখা পরিদর্শন: প্রত্যেক শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপসচিব/অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং যুগ্মসচিব/অনুবিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ সচিবালয় নির্দেশমালা ২০২৪-এর ১৯৪ অনুচ্ছেদ অনুযায়ী শাখা পরিদর্শন করে সচিব বরাবর প্রতিবেদন দাখিল করবেন। এ পর্যন্ত প্রশাসন-২ শাখা, যুব-২ শাখা, ক্রীড়া-১ শাখা, সমন্বয়-২ শাখা আইন শাখা ও সমন্বয় আইন অধিশাখা কর্মকর্তাগণ শাখা পরিদর্শন করে রিপোর্ট দাখিল করেছেন।	ক) ১. সভাপতি কর্তৃক অনিষ্পন্ন সভা নিয়মিত সম্পন্ন করায় অনুবিভাগ প্রধানদের ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ ধারা অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। ২. মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ প্রধান তাঁদের দপ্তর এবং অধীনস্ত দপ্তর/সংস্থার সকল পেন্ডিং বিষয় নিয়ে প্রতিমাসের ১ম সপ্তাহে অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তি ত্বরান্বিত করার লক্ষ্যে সভা করবেন। খ) এ মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা প্রধান প্রতিমাসে ১ম সপ্তাহে তাঁদের দপ্তরে সমন্বয় সভা করে সভার কার্যবিবরণী এ মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। গ) সচিবালয়ের নির্দেশমালা ২০২৪ এর ১৯৪ অনুচ্ছেদ অনুযায়ী এ মন্ত্রণালয়ের প্রত্যেক শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপসচিব/অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তৃঅ এবং যুগ্মসচিব/অনুবিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ শাখা পরিদর্শন প্রতিবেদন সচিব মহোদয় বরাবর দাখিল করবেন। প্রশাসন অনুবিভাগ পরিদর্শন রিপোর্ট পর্যবেক্ষণ পূর্বক সমস্যাসমূহ সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সকল অনুবিভাগ/দপ্তর/সংস্থা সকল দপ্তর/সংস্থা প্রধান শাখা/অধিশাখা/অনুবিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা(সকল) এবং প্রশাসন অনুবিভাগ

০৩। মন্ত্রণালয়ের নিকট দপ্তর/সংস্থার পেন্ডিং বিষয়ে আলোচনা:

আলোচনা	সিদ্ধান্ত	০১ মাসের উর্ধ্বে	০২ মাসের উর্ধ্বে	০৩ মাসের উর্ধ্বে	০৬ মাস/তদুর্ধ্ব	বাস্তবায়নে
মন্ত্রণালয়ের নিকট দপ্তর/সংস্থার কোন পেন্ডিং বিষয়াদি নেই। প্রতিমাসে মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য নির্ধারিত ছক মোতাবেক পেন্ডিং বিষয়ে তথ্য প্রেরণ করতে হবে।	প্রতিমাসে মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য নির্ধারিত ছক মোতাবেক পেন্ডিং বিষয়ে তথ্য প্রেরণ করতে হবে।					

-

০৪। দপ্তর/সংস্থার নিকট মন্ত্রণালয়ের পেন্ডিং বিষয়ে আলোচনা:

আলোচনা	সিদ্ধান্ত	০১ মাসের উর্ধ্বে	০২ মাসের উর্ধ্বে	০৩ মাসের উর্ধ্বে	০৬ মাস/তদুর্ধ্ব	বাস্তবায়নে
ক) দপ্তর/সংস্থার নিকট মন্ত্রণালয়ের পেন্ডিং বিষয়াদি নিয়ে বিস্তারিত আলোচনা। **যুব উন্নয়ন অধিদপ্তরে মন্ত্রণালয়ের পেন্ডিং বিষয়াদি:** ২৪৯টি পদ সংরক্ষণের বিষয়টি এ দপ্তরে পেন্ডিং রয়েছে। **বাস্তবায়ন অগ্রগতি:** যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা ও উপজেলা পর্যায়ের সাংগঠনিক কাঠামোতে সৃজিত বিভিন্ন ক্যাটাগরীর ২৪৯টি পদের মেয়াদ ০১.০৬.২০২৫খ্রি. হতে ৩১.০৫.২০২৫খ্রি. পর্যন্ত ভূতাপেক্ষভাবে এবং ০১.০৬.২০২৫খ্রি. হতে ৩১.০৫.২০২৬খ্রি. পর্যন্ত সংরক্ষণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্রের চাহিদা মোতাবেক স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব গত ২৪.০৯.২০২৬ খ্রি. তারিখে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।	ক) যুব উন্নয়ন অধিদপ্তরের বিভিন্ন ক্যাটাগরীর ২৪৯টি পদ সংরক্ষণ- এর বিষয়ে চাহিত সকল তথ্য পরিপূর্ণরূপে প্রস্তুত করে এ মন্ত্রণালয়ের যুব অনুবিভাগে দ্রুত প্রেরণ করতে হবে। খ) প্রতিমাসে মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য নির্ধারিত ছক মোতাবেক পেন্ডিং বিষয়ের তথ্য প্রেরণ করতে হবে। গ) যুব উন্নয়ন অধিদপ্তরের ২৪৯টি পদ সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।					ক) যুব উন্নয়ন অধিদপ্তর খ) মন্ত্রণালয় এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা

০৫। ডি-নথির রিপোর্ট (সেপ্টেম্বর/২০২৬): মন্ত্রণালয় ও দপ্তর সংস্থার ডি-নথি কার্যক্রমের সারসংক্ষেপ নিম্নরূপ: (বিস্তারিত পরিশিষ্ট-খ)।

সেপ্টেম্বর/ ২০২৬ মাসের ডাক ও নথি সংক্রান্ত মাসিক প্রতিবেদন																	
		প্রাপ্ত ডাক				উপস্থাপিত ডাক			পত্র জারি				মোট ই/ডি-নথিতে		মোট		মন্তব্য
ক্র. নং	দপ্তর/ সংস্থা/শাখা	বিগত মাসের অনিষ্পন্ন ডাক	মুদ্রিত ডাক	ডি-ডাক	মোট ডাক	মুদ্রিত নথিতে উপস্থাপিত ডাক	ডি-নথিতে উপস্থাপিত ডাক	স্ব-উদ্যোগে ডি-নথি উপস্থাপন	মুদ্রিত নথিতে পত্রজারি	ডি-নথিতে পত্রজারি	মোট জারিকৃত পত্র	নথিজাত/ আর্কাইভকৃত ডাক	জারিকৃত পত্রের শতকরা (%) হার	নিষ্পত্তিকৃত নথির শতকরা (%) হার	নিষ্পন্ন ডাক	অনিষ্পন্ন ডাক	
১	২	৩	৪	৫	৬=(৩+৪+৫)	৭	৮	৯	১০	১১	১২=(১০+১১)	১৩	১৪=(১১×১০০)/১২	১৫=(৮+৯)×১০০)/(৭+৮+৯)	১৬=(১২+১৩)	১৭=(৬+৯-১৬)	১৮
০১	যুব উন্নয়ন অধিদপ্তর	০	২৫৫	১৩৪৩	১৫৯৮	০	১১০	৮	৮	১২৮	১৩৬	১৪৭০	১	১	১৬০৬	০	
২	বিকেএসপি	৭	৩৯০	৬২৫	১০২২	৪	৩১৪	০	০	৯৩	৯৩	৯২১	১০০.০০%	৯৮.৭৪%	১০১৪	৮	
৩	ক্রীড়া পরিদপ্তর	০	২৫০	৬১৭	৮৬৭	০	১১৭	০	০	১১৭	১১৭	৭৫০	১০০.০০%	১০০.০০%	৮৬৭	০	
৪	জাতীয় যুব উন্নয়ন ইন্সটিটিউট	০	১২৫	৩২০	৪৪৫	০	২৪	৪১	০	৩৫	৩৫	৪৫১	১০০.০০%	১০০.০০%	৪৮৬	০	
৫	জাতীয় ক্রীড়া পরিষদ	০	০	৪৭৪	৪৭৪	০	৪৫৯	০	০	৪২৭	৪২৭	১৫	১০০.০০%	১০০.০০%	৪৪২	৩২	
৬	জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন	০	০	৬৭	৬৭	০	৬	৪	০	১০	১০	৬১	১০০.০০%	১০০.০০%	৭১	০	
৭	**সর্বমোট**	**৭**	**১২৭৬**	**৭৩৯৭**	**৮৬৮০**	**৮**	**২৬৩৪**	**৬০**	**৩৩**	**২৪১২**	**২৪৪৫**	**৬২৫৫**	**৯৮.৬৫%**	**৯৯.৭০%**	**৮৭০০**	**৪০**	

সিদ্ধান্ত:

বাস্তবায়নে: মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখাসমূহ ও দপ্তর/সংস্থা।

০৬। বিভাগীয় কার্যধারা: (সেপ্টেম্বর/২০২৬ পর্যন্ত)

ক্র. নং	দপ্তর/সংস্থা/ শাখার নাম	বিগত মাসের জের	বিবেচ্য মাসে দায়েরকৃত	মোট	বিবেচ্য মাসে নিষ্পত্তি	অনিষ্পন্ন মামলার তথ্য (মামলা দায়েরের তাং ও সংক্ষিপ্ত বিবরণ)				মাস শেষে অনিষ্পন্ন	বাস্তবায়নকারী
						নাম ও পদবি	৩ মাসের উর্ধ্বে	৬ মাসের উর্ধ্বে	১ বছরের উর্ধ্বে		
১	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	০৩	-	০৩	-	সংযুক্তি-১				০৩	প্রশাসন-১ (শৃঙ্খলা)
		০৮	-	০৮	-	সংযুক্তি-২				০৮	যুব-১ শাখা
		০৩	-	০৩	০১	সংযুক্তি-৩				০২	ক্রীড়া-২ শাখা
২	যুব উন্নয়ন অধিদপ্তর	১৫	০২	১৭	০১	সংযুক্তি-৪				১৬	যুব উন্নয়ন অধিদপ্তর
৩	বিকেএসপি	০৩	০১	০৪	০১	সংযুক্তি-৫				০৩	বিকেএসপি
৪	ক্রীড়া পরিদপ্তর	০১	-	০১	-	সংযুক্তি-৬				০১	ক্রীড়া পরিদপ্তর
৫	জাতীয় যুব উন্নয়ন ইন্সটিটিউট	-	-	-	-					-	
৬	জাতীয় ক্রীড়া পরিষদ	১১	৫	১৬	-	সংযুক্তি-৭				১৬	জাতীয় ক্রীড়া পরিষদ
৭	জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন	-	-	-	-					-	

	মোট										

সিদ্ধান্ত:

(১) বিভাগীয় কার্যধারাসমূহ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ অনুসারে নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
(২)বিভাগীয় কার্যধারা নিষ্পত্তির জন্য সকল পদ্ধতি অনুসরণপূর্বক দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
(৩) কোন বিভাগীয় কার্যধারা/আপিল আবেদন অনিষ্পন্ন রাখা যাবে না।

বাস্তবায়নে: মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা এবং সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তাগণ।

০৭। রিট মামলা: (সেপ্টেম্বর/২০২৬ পর্যন্ত)

ক্র. নং	দপ্তর/সংস্থা/ শাখার নাম	বিগত মাসের জের (সংখ্যা)	বিবেচ্য মাসে দায়েরকৃত (সংখ্যা)	মোট (সংখ্যা)	রিট পিটিশন নম্বর	বাদি/ বিবাদির নাম	রিট মামলার সংক্ষিপ্ত বিবরণ	বিবেচ্য মাসে নিষ্পত্তি	মাস শেষে অনিষ্পন্ন	বাস্তবায়নকারী
১	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	-	-	-	-	-	-	-	-	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
২	যুব উন্নয়ন অধিদপ্তর	৯২	-	৯২	**সংযুক্তি-৮**	-	-	০৩	৮৯	যুব উন্নয়ন অধিদপ্তর
৩	বিকেএসপি	৮	-	৮	**সংযুক্তি-৯**	-	-	-	৮	বিকেএসপি
৪	ক্রীড়া পরিদপ্তর	৩	-	৩	**সংযুক্তি-১০**	-	-	-	৩	ক্রীড়া পরিদপ্তর
৫	জাতীয় যুব উন্নয়ন ইন্সটিটিউট	-	-	-	-	-	-	-	-	
৬	জাতীয় ক্রীড়া পরিষদ	৪৬	৮	৫৪	**সংযুক্তি-১১**				৫৪	জাতীয় ক্রীড়া পরিষদ
৭	জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন	-	-	-	-	-	-	-	-	
	মোট	**১৬২**	-	**১৬২**	-	-	-	-	**১৬২**	

২২.০৯.২০২৬ তারিখ যুগ্মসচিব (সমন্বয় ও আইন অনুবিভাগ) এর সভাপতিত্বে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার বিদ্যমান মামলাসমূহের অগ্রগতি ত্বরান্বিতকরণের জন্য একটি সভা আয়োজন করা হয়। উক্ত সভায় দপ্তর/সংস্থার প্রতিনিধিদের চলমান (রিট মামলাসহ) মামলাগুলোর বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হয়। উল্লেখ্য যে প্রতি দুই মাস অন্তর এ সভা আয়োজন করা হয়।

সিদ্ধান্ত:

(১) দপ্তর/সংস্থা কর্তৃক রিট মামলাসমূহের জবাব এ মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণ করতে হবে।
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মার্ট কেস ম্যানেজমেন্ট সিস্টেম (SCMS) সফটওয়ারের সাথে এ মন্ত্রণালয়ের রিট মামলার সংখ্যায় যাতে কোন গড়মিল না থাকে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রত্যেক মাসে সমন্বয় সভায় স্মার্ট কেস ম্যানেজমেন্ট সিস্টেম (SCMS) সফটওয়ারের কার্যক্রম প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
(৩) অকার্যকর রিটমামলাসমূহ একসাথে হেয়ারিংসহ নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে: মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা

০৮। অডিট আপত্তি নিষ্পত্তির তথ্য: (পরিশিষ্ট-খ)

যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে প্রতি মাসের ২য় সপ্তাহে অতিরিক্ত সচিব (প্রশাসন) অনুবিভাগের সভাপতিত্বে প্রতিমাসে অডিট নিষ্পত্তি সংক্রান্ত সভা হয়ে থাকে। অক্টোবর/২০২৬ মাসের অডিট আপত্তি নিষ্পত্তি বিষয়ক সভা ১৯.১০.২০২৬ তারিখ অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী অনুযায়ী অডিট নিষ্পত্তির চিত্র (পরিশিষ্ট-গ)

সিদ্ধান্ত:

(১) মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার যে সকল SFI অডিট আপত্তির জবাব প্রেরণ করা হয়নি সেগুলি এ মন্ত্রণালয়ের বাজেট ও অডিট শাখায় দ্রুত প্রেরণ নিশ্চিত করতে হবে।

(২) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার সকল অডিট আপত্তি এবং সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরের সফটওয়্যারে এন্ট্রিকৃত অডিট আপত্তির সংখ্যা যাতে সমান হয় সে জন্য সামাজিক নিরাপত্তা ও অডিট অধিদপ্তরেকে পত্র প্রেরণ করেবে উপসচিব (বাজেট শাখা) এবং ১৫ দিন পরে তাগিদ পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(৩) অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আয়োজনের নিমিত্ত সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরে নিয়মিত পত্র প্রেরণপূর্বক সভার সময় নির্ধারণ করে অডিট আপত্তি নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৪) প্রতিমাসে AMMS সফটওয়্যারে নিষ্পত্তিকৃত মামলার তথ্য প্রদান করতে হবে।

(৫) বাজেট শাখা মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে প্রতিমাসে সভা আয়োজন করতে হবে।

বাস্তবায়নে: মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা

০৯। <u>চলমান বিষয়</u> :

দপ্তর/সংস্থা/ শাখা	আলোচনার শিরোনাম ও বিবরণ	সিদ্ধান্ত	বাস্তবায়ন

(ক) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় প্রশাসন-১	**১। শূন্যপদ পূরণ: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের শূন্যপদ-এর তথ্য** পদের গ্রেড: শূন্যপদের সংখ্যা ১ম শ্রেণি (১ম গ্রেড-৯ম গ্রেড): - ২য় শ্রেণি (১০ম গ্রেড): ০২ টি ৩য় শ্রেণি (১১তম গ্রেড-১৬তম গ্রেড): ০৫ টি ৪র্থ শ্রেণি (১৭তম গ্রেড-২০তম গ্রেড): ০৭ টি সর্বমোট= ১৪ টি (১২ টি সরাসরি নিয়োগযোগ্য এবং ০২ টি পিএসসির মাধ্যমে) **২। পদসৃষ্টি/স্থায়ীকরণ/আপগ্রেডেশন:** যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামোতে নতুন পদ সৃজনের জন্য ২৯.০৯.২০২৫ তারিখে অভ্যন্তরীণ সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক ৩৫টি নতুন পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ে ২২.০২.২০২৬ তারিখে পদ সৃজনে ১ম সভা অনুষ্ঠিত হয়। গত ১৯ এপ্রিল ২০২৬ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ১০টি নতুন পদ সৃজনের সম্মতি প্রদান করেছে। পদ সংখ্যা বৃদ্ধির প্রস্তাব পুনর্বিবেচনার জন্য গত ০৬ মে/২০২৬ তারিখ পুনরায় জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় উক্ত পদসৃজন প্রস্তাব পুনর্বিবেচনার জন্য ০৯ আগস্ট ২০২৬ তারিখের সভাটি স্থগিত হয় যা পরবর্তীতে ০৬.০৯.২০২৬ তারিখ অনুষ্ঠিত হয়েছে। পদ সৃজনের সম্মতির প্রস্তাব পাওয়া গেছে। এখন অর্থ মন্ত্রণালয়ে উক্ত পদ সৃজন প্রস্তাব দ্রুত প্রেরণ করতে হবে।	১। শূন্যপদ পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২। অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	প্রশাসন-১ শাখা
(খ) যুব উন্নয়ন অধিদপ্তর	**(১) নিয়োগ বিধিঃ** যুব উন্নয়ন অধিদপ্তরের (কর্মকর্তা-কর্মচারী) 'নিয়োগ বিধিমালা-২০২৬' প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি কর্তৃক গত ২২-১২-২০২৫ খ্রি. তারিখ অনুমোদন হয়েছে। এরপর যুব ও ক্রীড়া মন্ত্রণালয় হতে অনুমোদনের জন্য পিএসসিতে প্রেরণ করা হয়। পরবর্তীতে পিএসসি'র চাহিদা মোতাবেক তথ্যাদি ১৭ সেট যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাধ্যমে গত ১৬-০৯-২০২৬ তারিখে পিএসসিতে প্রেরণ করা হয়েছে। **(২) শূন্যপদ পূরণঃ** যুব উন্নয়ন অধিদপ্তরের শূন্যপদের তালিকা নিম্নরুপঃ- পদের গ্রেড: শূন্যপদের সংখ্যা ১ম শ্রেণি (১ম গ্রেড-৯ম গ্রেড): ২৩৯ টি ২য় শ্রেণি (১০ম গ্রেড): ২৫১ টি ৩য় শ্রেণি (১১তম গ্রেড-১৬তম গ্রেড): ১২৯০ টি ৪র্থ শ্রেণি (১৭তম গ্রেড-২০তম গ্রেড): ২৫৭ টি সর্বমোট: ২০৩৭ টি * ৯ম গ্রেডের ৩০টি এবং ১০ম গ্রেডের ৭৬টি মোট ১০৬টি শূন্য পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে পিএসসিতে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। * ৬ষ্ঠ গ্রেডের ০১টি কো-অর্ডিনেটরের শূন্য পদে পদোন্নতির প্রস্তাব যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। * ৭ম গ্রেডের ০৫টি ডেপুটি কো-অর্ডিনেটরের শূন্য পদে পদোন্নতির প্রস্তাব যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। * ৯ম গ্রেডের সহকারী পরিচালক ১৭টি শূন্য পদে পদোন্নতির জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। * ৯ম গ্রেডের কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার ২৮টি শূন্য পদে পদোন্নতির জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। * ১১তম গ্রেডের সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার ২৪২টি শূন্য পদ সরাসরি নিয়োগের লক্ষ্যে MCQ বাছাই পরীক্ষার ফলাফল ১৭.১০.২০২৬ খ্রি. তারিখে প্রকাশ করা হয়েছে। নিয়োগ কার্যক্রম চলমান। * ১১তম গ্রেডের সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার ১১টি শূন্য পদে পদোন্নতির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। * **১৬তম গ্রেডের ২২টি 'ক্যাশিয়ার' শূন্য পদে নিয়োগের বিষয়ে মহামান্য হাইকোর্টে রিট মামলা প্রত্যাহার করা হয়েছে।** ৯ম গ্রেডের সহকারী পরিচালক পদে ১৬টি, ১১তম গ্রেডের সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পদে ১৬টি এবং ১৬তম গ্রেডের ক্যাশিয়ার পদে ৭৭টি মোট ১০৯টি পদে নিয়োগের বিষয়ে মহামান্য হাইকোর্টে মামলা চলমান থাকায় শূন্য পদ পুরণ করা সম্ভব হচ্ছে না। * ৯ম গ্রেড হতে ২০ গ্রেড পর্যন্ত সিনিয়র প্রশিক্ষক (কৃষি), মেডিকেল অফিসার, সহকারী কম্পিউটার প্রোগ্রামার, উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), প্রশিক্ষক (কম্পিউটার), প্রশিক্ষক (ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়ারিং), প্রশিক্ষক (ইলেকট্রনিক্স), প্রশিক্ষক (রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং), শরীর চর্চা শিক্ষক (ফিজিক্যাল ইনস্ট্রাক্টর) ও হোস্টেল সুপারিটেনডেন্ট, সহকারী প্রশিক্ষক (কম্পিউটার), সহকারী প্রশিক্ষক (ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়ারিং), সহকারী প্রশিক্ষক (ইলেকট্রনিক্স), সহকারী প্রশিক্ষক (রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং), সহকারী প্রশিক্ষক (কৃষি), সহকারী প্রশিক্ষক (পশুপালন), সহকারী প্রশিক্ষক (মৎস্য), প্রদর্শক (পশুপালন ও পোল্ট্রি ইউনিট), প্রদর্শক (মৎস্য ইউনিট), প্রদর্শক (কৃষি ইউনিট), একাউন্টটেন্ট কাম স্টোর কীপার, কম্পাউন্ডার, ইমাম ও অফিস সহায়ক কাম নৈশ প্রহরীর মোট ২৩০টি শূন্য পদ রয়েছে। উক্ত পদসমূহ উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত পদ। বিদ্যমান নিয়োগ বিধিতে অন্তর্ভুক্ত নেই। প্রস্তাবিত নিয়োগ বিধিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। নিয়োগ বিধি অনুমোদিত হলে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। * ২০তম গ্রেডের ১০৩টি 'অফিস সহায়ক' পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে ৩০-০৩-২০২৬ খ্রি. তারিখে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। মোট ১,৬৮,৮১৭টি আবেদন জমা পড়েছে। নিয়োগ কার্যক্রম চলমান। * অবশিষ্ট ১১৮৫টি শূন্য পদ বিধিমোতাবেক পূরণের ব্যবস্থা গ্রহণ করা হবে। (৩) **বিভাগীয় অফিস ও পদ সৃজন**: বিভাগীয় অফিস স্থাপন ও কর্মকর্তা-কর্মচারীর পদসৃজন প্রশাসনিক	১) সরকারী কর্ম-কমিশন সচিবালয়-এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। (২) শূন্যপদের সকল তথ্য পরবর্তী সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	যুব উন্নয়ন অধিদপ্তর ও যুব অনুবিভাগ

	উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে সারসংক্ষেপ ০৭-৫-২০২৬ খ্রি. তারিখে ৮৫৩ সংখ্যক স্মারকে পত্র প্রেরণ করা হয়েছে। প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক গত ১৭-০৫-২০২৬ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার) এর সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী কার্যক্রম করা হবে। **(৪) জাতীয় যুবনীতি প্রণয়ন:** জাতীয় যুবনীতি'র হালনাগাদের কাজ চলমান রয়েছে। জাতীয় যুবনীতি হালনাগাদ করণের সার্বিক কার্যক্রমের বিষয়টি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে।	(৩) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদন গ্রহণসহ বিভাগীয় অফিস ও পদ সৃজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (৪) জাতীয় যুবনীতি'র হালনাগাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ সংক্রন্ত তথ্য প্রত্যেক মাসে মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য প্রেরণ করতে হবে।	

(গ) ক্রীড়া পরিদপ্তর	**শূন্যপদ পূরণ:** **(১) ক্রীড়া পরিদপ্তর-এর বিদ্যমান শূন্যপদসমূহ:** পদের গ্রেড — শূন্যপদের সংখ্যা ৯ম গ্রেড — ২৩টি ১০ম গ্রেড — ০টি ১১-১৬ তম গ্রেড — ৩৩টি ১৭-২০ তম গ্রেড — ৬২ টি সর্বমোট — ১১৮ টি **প্রধান কার্যালয়:** উপপরিচালক-১ (পদোন্নতি যোগ্য), ১৭-২০ তম গ্রেড কর্মচারী-২ =৩ জন **সরকারি শারিরীক শিক্ষা কলেজ:** অধ্যক্ষ -৫ (পদোন্নতি যোগ্য, উপাধ্যক্ষ-৪ (পদোন্নতিযোগ্য), প্রভাষক-৬, মেডিকেল অফিসার-২, ১১-১৬তম গ্রেড কর্মচারী-২৪ (১৮টি শরীর চর্চা শিক্ষকের পদ নিয়োগযোগ্য নয় এবং ৪টি পদ পদোন্নতি যোগ্য, ৪টি পদ নিয়োগযোগ্য ও ১৭-২০ তম গ্রেড কর্মচারী-৩৫=৭৬ জন **জেলা ক্রীড়া অফিস:** জেলা ক্রীড়া কর্মকর্তা-৫, ১১-১৬তম গ্রেড কর্মচারী-৯ ও ১৭-২০ তম গ্রেড কর্মচারী-২৫= ৩৯ জনসহ সর্বমোট=১১৮ টি শূন্য পদ ২০ টি ১১-১৬ তম গ্রেড ও ১৭-২০ তম গ্রেড কর্মচারীর শূন্যপদ পূরণের নিমিত্ত প্রশাসনিক মন্ত্রণালয় হতে ছাড়পত্র পাওয়া গেছে ও শূন্যপদ পূরণের কার্যক্রম চলমান। উল্লেখ্য, ক্রীড়া পরিদপ্তরের ২০২১ সালের নিয়োগকৃত ২৫ জন কর্মচারীর মধ্যে ভুয়া জেলা কোটা ব্যবহার করায় ০৭ জনের চাকরি অবসানের পর রিট মামলা চলমান থাকায় উক্ত পদগুলো শূন্য দেখানো যায়নি। **অগ্রগতি:** শূন্যপদসমূহ পূরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ তরান্বিত করার লক্ষ্যে এ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (সমন্বয় ও আইন অনুবিভগ এবং পরিচালক, ক্রীড়া পরিদপ্তর-এর সমন্বয়ে একটি কমিটি গঠন করা সিদ্ধান্ত গৃহীত হয়েছে। **(২) ক্রীড়া পরিদপ্তরের রাজস্ব খাতে উপজেলা ক্রীড়া অফিস ও পদ সৃজন:** উপজেলা পর্যায়ে ৬০৩টি পদ সৃজন ও উপজেলা পর্যায়ে ক্রীড়া অফিস স্থাপনে **'প্রাক-নিকার সচিব কমিটি'র** সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে গত ২৭/০৪/২০২৬ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে সম্মতি পাওয়া যায়। সে পরিপ্রেক্ষিতে গত ১০/০৫/২০২৬ তারিখে অর্থ বিভাগের সম্মতির জন্য প্রস্তাব প্রেরণ করা হলে অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ হতে গত ০৬-০৭-২০২৬ তারিখে সম্মতি প্রদানপূর্বক বাস্তবায়ন অনুবিভাগের সম্মতির জন্য প্রেরণ করা হয়েছে। **(৩)** ক্রীড়া পরিদপ্তরের রাজস্ব খাতের আওতায় দেশের ২৯৪টি উপজেলায় ক্রীড়া অফিস স্থাপনের বিষয়ে গত ০৭.০৬.২০২৬ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে 'প্রাক-নিকার সচিব কমিটি'র সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় দেশের ২৯৪টি উপজেলায় ক্রীড়া অফিস স্থাপনের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং সেমোতাবেক প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতির জন্য প্রেরণ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় হতে গত ০৯-০৭-২০২৬ তারিখে ৮৮২টি পদ সৃজনের প্রস্তাবে সম্মতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে অর্থ বিভাগের সম্মতির জন্য প্রস্তাব গত ২০.০৭.২০২৬ তারিখে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ-২ হতে গত ১৪.০৯.২০২৬ তারিখ **৪৯৫ (২০১+২৯৪)** টি উপজেলায় ১ম পর্যায়ে ১৬৪ টি উপজেলায় (২০২৬-২৭ অর্থবছরে), ২য় পর্যায়ে ১৬৫টি উপজেলায় (২০২৭-২৮ অর্থবছরে) ও ৩য় পর্যায়ে ১৬৬টি উপজেলায় (২০২৮-২৯ অর্থবছরে) ১৪৮৫টি পদ সৃজন ও ক্রীড়া অফিস স্থাপনের সম্মতি প্রদান করে বাস্তবায়ন অনুবিভাগ-১ এর সম্মতির জন্য প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য, অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ-২ এর (ব্যয় ব্যবস্থাপনা-৯ শাখা) ০৬.০৭.২০২৬ তারিখ ৯৪ নং স্মারকটি বাতিল করা হয়। **(৪) ক্রীড়া পরিদপ্তরের বিভাগীয় পর্যায়ে অফিস স্থাপন এবং রাজস্ব খাতে পদ সৃজন:** ক্রীড়া পরিদপ্তরের আওতায় বিভাগীয় পর্যায়ে অফিস স্থাপন ও রাজস্বখাতে ১২টি পদ সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতিকৃত পত্রের শর্ত অনুযায়ী 'প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি'র অনুমোদনের নিমিত্ত সারসংক্ষেপসহ প্রস্তাব গত ০১-০৪-২০২৬ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। উক্ত প্রস্তাবের উপর মন্ত্রিপরিষদ বিভাগের 'প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি'র গত ১৯/০৫/২০২৬ তারিখে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ১২টি পদ সৃজনের সুপারিশ করা হয় এবং অর্থ বিভাগ কর্তৃক সরকারি আদেশ (জি.ও) পৃষ্ঠাংকন করা হয়েছে। উক্ত নতুন সৃজিত পদের বিপরীতে পদোন্নতি প্রদানের কার্যক্রম চলমান।	(১) শূন্যপদসমূহ পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (২) অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। (৩) অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। (৩) এ বিষয়ে কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।	ক্রীড়া পরিদপ্তর ও ক্রীড়া-২ অনুবিভাগ

<table>
<tr>
<td>(ঘ) জাতীয় ক্রীড়া পরিষদ</td>
<td>শূন্যপদ পূরণ:
(১) জাতীয় ক্রীড়া পরিষদ-এর বিদ্যমান শূন্যপদসমূহ :
<table><tr><th>পদের গ্রেড</th><th>শূন্যপদের সংখ্যা</th></tr><tr><td>৯ম গ্রেড</td><td>১৭</td></tr><tr><td>১০ম গ্রেড</td><td>৫৪</td></tr><tr><td>১১-১৬ তম গ্রেড</td><td>২৬</td></tr><tr><td>১৭-২০ তম গ্রেড</td><td>১৩২</td></tr></table>
শূন্যপদে নিয়োগের জন্য ছাড়পত্র পাওয়া গেছে। প্রাপ্ত ছাড়পত্রের ভিত্তিতে বিভিন্ন ক্যাটাগরির ৪৫টি পদে নিয়োগের জন্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য, এতদসংক্রান্তে বাংলাদেশ টেলিটক লিমিটেড-কে কারিগরি সহায়তা প্রদানের জন্য পত্র প্রেরণ করা হয়েছে।

(২) জাতীয় ক্রীড়া নীতি: নির্বাচনের ইশতেহার অনুসারে জাতীয় ক্রীড়ানীতি, ২০২৬ হালনাগাদ করার উদ্দেশ্য, বাস্তবায়ন কৌশল, কর্মপরিকল্পনা প্রণয়ন ও পরিবীক্ষণ ইত্যাদি সন্নিবেশ করে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব ২০ কর্মদিবসের মধ্যে এ মন্ত্রণালয়ের প্রেরণের জন্য ০৭ জুন, ২০২৬ তারিখ জাতীয় ক্রীড়া পরিষদ-কে পত্র প্রেরণ করা হয়।</td>
<td>(১) বিধিবিধান অনুসরণপূর্বক শূন্যপদ পূরণের ব্যবস্থা করতে হবে।

(২) “জাতীয় ক্রীড়া নীতি-২০২৬”) চূড়ান্ত করার লক্ষ্যে এ মন্ত্রণালয়ের চাহিত তথ্য ক্রীড়া-১ শাখায় দ্রুত প্রেরণে করতে হবে।</td>
<td>ক্রীড়া-১ অনুবিভাগ/ জাতীয় ক্রীড়া পরিষদ</td>
</tr>
<tr>
<td>(ঙ) জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট</td>
<td>শূন্যপদ পূরণ: জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের শূন্যপদের তালিকা নিম্নরূপ:

<table><tr><th>পদের গ্রেড</th><th>শূন্যপদের সংখ্যা</th></tr><tr><td>৯ম গ্রেড</td><td>০২টি</td></tr><tr><td>১০ম গ্রেড</td><td>০৪টি</td></tr><tr><td>১১-১৬ তম গ্রেড</td><td>০৪টি</td></tr><tr><td>১৭-২০ তম গ্রেড</td><td>০১ টি</td></tr><tr><td>সর্বমোট</td><td>১১ টি</td></tr></table>
১। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের ২০/০৭/২০২৫ তারিখের ৩৪.০৬.২৬৭২.০০০.১১.১০৬.২১.-৬০ নং স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি ও জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের ১৭/১২/২০২৫ তারিখের ৩৪.০৬.২৬৭২.০০০.১১.১০৬.২১.-৬৯২ নং স্মারকে জনবল নিয়োগ কমিটির সুপারিশ এবং ১৮/০৬/২০২৬ তারিখের নির্বাহী কাউন্সিল এর ১০ম সভায় অনুমোদনক্রমে ৯ম গ্রেডের ০২জন, ১০ গ্রেডের ৬জন, ১১-২০ গ্রেডের ৫জনসহ মোট ১৩ জনের নিয়োগপত্র প্রদান করা হয়েছে।

২। ১০ম গ্রেড ইন্সট্রাক্টর পদে ২জন, ১৪তম গ্রেড হিসাবরক্ষক পদে ০১জন ও ১৬তম গ্রেড অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ১জন নিয়োপত্র অনুযায়ী নির্ধারিত ৩০ জুলাই, ২০২৬খ্রি. তারিখে চাকুরিতে যোগদান করেনি।</td>
<td>(১) বিধিবিধান অনুসরণপূর্বক শূন্যপদ পূরণের ব্যবস্থা করতে হবে।</td>
<td>জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট ও যুব অনুবিভাগ</td>
</tr>
<tr>
<td>(চ) জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন</td>
<td>১) শূন্য পদের সংখ্যা:
<table><tr><th>পদের গ্রেড</th><th>শূন্যপদের সংখ্যা</th></tr><tr><td>২য় শ্রেণি</td><td>০১টি</td></tr><tr><td>৩য় শ্রেণি</td><td>০২টি</td></tr><tr><td>৪র্থ শ্রেণি</td><td>০২ টি</td></tr><tr><td>সর্বমোট</td><td>০৫ টি</td></tr></table>শূন্যপদসমূহ (১) সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা ০১ (এক)টি (২) কম্পিউটার অপারেটর পদ ০১ (এক)টি (৩) গাড়ি চালক ০১ (এক)টি ও (৪) অফিস সহায়ক পদ ২ (দুই) টি মোট= ০৫ টি শূন্যপদসমূহ পূরণে তথ্যাদির পর্যালোচনা শেষে ফাউন্ডেশনের বোর্ড সভায় অনুমোদন সাপেক্ষে নিয়োগ প্রক্রিয়া গ্রহণ করা হবে।

২) জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের নতুন পদ সৃজন, সাংগঠনিক ও নিয়োগ প্রবিধানমালা প্রস্তুতকরণ:
১১ আগস্ট ২০২৬ তারিখে জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের নতুন পদ সৃজন, সাংগঠনিক ও নিয়োগ প্রবিধানমালা প্রস্তুতকরণের লক্ষ্যে গঠিত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক নিয়োগ, সাংগঠনিক কাঠামো অনুমোদন প্রস্তুতের কাজ করা হচ্ছে।

৩) জাতীয় পর্যায়ে সাবেক ক্রীড়াবিদদের মাসিক অনুদান প্রদানের নতুন নীতিমালা প্রণয়ন ও বিদ্যমান নীতিমালাসমূহের সংশোধন:
জাতীয় পর্যায়ে সাবেক ক্রীড়াবিদদের মাসিক অনুদান প্রদানের নতুন নীতিমালা প্রণয়ন ও বিদ্যমান নীতিমালাসমূহের সংশোধন সংক্রান্ত কমিটির সভা ১১ আগস্ট ২০২৬ তারিখ অনুষ্ঠিত হয়:</td>
<td>(১) নিয়োগ বিধিমালা সংশোধনপূর্বক শূন্যপদ পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২) সাংগঠনিক কাঠামো ও নিয়োগ প্রবিধানমলা সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে

(৩) জাতীয় পর্যায়ে সাবেক ক্রীড়াবিদদের মাসিক অনুদান প্রদানের নতুন নীতিমালা প্রণয়ন ও বিদ্যমান নীতিমালাসমূহের সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>ক্রীড়া-১ অনুবিভাগ ও জাতীয় ক্রীড়াসেবীকল্যাণ ফাউন্ডেশন</td>
</tr>
</table>

১০। সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS):

আলোচনার বিষয়	আলোচনার শিরোনাম ও বিবরণ	সিদ্ধান্ত	বাস্তবায়নে
সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS-Governance Performace Monitoring System)।	(ক) মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত মোতাবেক জিপিএমএস-এর কার্যক্রম চলমান রাখতে হবে। (খ) সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS -Governance performance Monitoring System) আওতায় এ মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থার বাস্তবায়নাধীন বিষয়গুলোর অগ্রগতি নিয়ে প্রতিমাসে জিপিএমএস শাখা সভা আয়োজন করবে। **বাস্তবায়ন অগ্রগতিঃ** সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি Governance Performance Monitoring System (GPMS) এর ২০২৬-২০২৭ অর্থবছরের ১ম ত্রৈমাসিক প্রতিবেদন ১৪.১০.২০২৬ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। GPMS এর ২০২৬-২০২৭ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী যুব উন্নয়ন অধিদপ্তর এর প্রযোজ্য বিষয়গুলো বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে ।	ক) মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত মোতাবেক জিপিএমএস-এর কার্যক্রম চলমান রাখতে হবে। (খ) সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS-Governance Performance Monitoring System) আওতায় এ মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থার বাস্তবায়নাধীন বিষয়গুলোর অগ্রগতি নিয়ে প্রতিমাসে জিপিএমএস শাখা সভা আয়োজন করবে।	মন্ত্রণালয় সংশ্লিষ্ট শাখা ও সকল দপ্তর/সংস্থা

১১। জেলা প্রশাসক সম্মেলনের সিদ্ধান্ত সমূহের আলোচনা:

আলোচ্য বিষয়	বাস্তবায়ন অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নে
জেলা প্রশাসক সম্মেলন-২০২৬ এর সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি:			
জেলা প্রশাসক, সুনামগঞ্জ কর্তৃক বেকার যুবকদের জন্য কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ড্রাইভিং প্রশিক্ষণ প্রকল্প পুনরায় চালু করার প্রস্তাব করেন	ডিপিপি পুনর্গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। **বাস্তবায়ন অগ্রগতিঃ** যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্প (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের অনুমোদনের লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় হতে পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগে পাঠানো হয়। পরিকল্পনা কমিশনের পরীক্ষান্তে কিছু পর্যবেক্ষণের আলোকে ডিপিপি সংশোধনের কাজ চলছে। 'প্রকল্প যাচাই কমিটি'র সভা যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে গত ০৪-১২-২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়। প্রকল্পটি চলতি ২০২৬-২৭ অর্থবছরের এডিপি'তে'অননুমোদিত নতুন প্রকল্পের তালিকা' (সবুজ পাতায়) অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্পের প্রশিক্ষণ উপকরণ হিসেবে ৮৮টি গাড়ি এবং ৪৮টি স্ক্র্যাপ তাদের অর্থ বিভাগের অনুমোদন চেয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ে ০৮-১০-২০২৬ তারিখে পত্র প্রেরণ করা হয়। প্রকল্পের প্রস্তাবিত জনবল অর্থ বিভাগ হতে ১৫-০৪-২০২৬ তারিখে অনুমোদন প্রদান করা হয়েছে। প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষার কাজ চলছে। প্রকল্পের ডিপিপি পুনর্গঠনের কার্যক্রম যুব উন্নয়ন অধিদপ্তরে প্রক্রিয়াধীন।	ডিপিপি পুনর্গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিকল্পনা অনুবিভাগ ও যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক নতুন কুঁড়ি স্পোর্টস কর্মসূচির মাধ্যমে বছরব্যাপী পড়াশোনার পাশাপাশি খেলাধুলাকে শ্রেণিকার্যক্রমে অন্তর্ভুক্ত করার প্রস্তাব করা হয়	গত ২৩.০৯.২০২৬ তারিখে জেলা প্রশাসক সম্মেলন ২০২৬ ও জেলাপ্রশাসক সম্মেলন ২০১৯-২৫-এ গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তাবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় প্রতিবেদনের আলোকে সিদ্ধান্তটি বাস্তবায়িত গণ্য করা হলো।	বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় প্রতিবেদনের আলোকে সিদ্ধান্তটি বাস্তবায়িত গণ্য করা হওয়ায় পরবর্তী সভার আলোচনা থেকে বিষয়টি বাদ দেয়া যেতে পারে	ক্রীড়া-২ অনুবিভাগ ও ক্রীড়া পরিদপ্তর

